মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ত্রাণ সামগ্রী বিতরণ অব্যাহত

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৩য় দিনের মত ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।

শনিবার দিনব্যাপী জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল বাড়ি বাড়ি গিয়ে কর্মহীনদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করেন।

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি, ঝাউবাড়িয়া, রাজনগর, গহরপুর, সোনাপুর, কাঠালপোতা, পিরোজপুর, মেহেরপুর শহরের ওয়াপদা পাড়া, নতুনপাড়ার প্রায় ৩৮৫ টি পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

এ পর্যন্ত প্রায় ১২শ অসহায় পরিবারের হাতে খাদ্য তুলে দেওয়া হয়। এই খাদ্য খাদ্য বিতরণ অব্যাহত থাকবে বলে জানান জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

মেপ্র/এমএফআর

চুয়াডাঙ্গা থেকে মুজিবনগরে আসার সকল সড়কে নিরাপত্তা চৌকি স্থাপন

চুয়াডাঙ্গা থেকে মুজিবনগরে আসার সকল সড়কে নিরাপত্তা চৌকি স্থাপন করা হয়েছে।

শুক্রবার বিকাল থেকে করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে মুজিবনগর উপজেলাকে করোনা থেকে মুক্ত রখার জন্য এ ব্যবস্থা নেওয়া হয়েছে।

এবং সকল নিরাপত্তা চৌকি পার হয়ে যেন কেউ বাইরের জেলা থেকে মুজিবনগর উপজেলার ভিতর প্রবেশ না করতে পারে সে জন্য বিশেষ ভাবে নিরাপত্তা দিচ্ছে মুজিবনগর থানা পুলিশ ও মুজিবনগর কোভিট-১৯ স্বেচ্ছাসেবকবৃন্দ।

এদিকে নিরাপত্তা চৌকি বসানোর পর শনিবার সকালে উক্ত স্থান পরিদর্শন করেছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী।

এ সময় তিনি বলেন, বাংলাদেশে ইতিমধ্যে করোনা ভাইরাস মহামারি আকারে ধারন করতে শুরু করেছে।

ইতিমধ্যে আমাদের পাশের জেলা চুয়াডাঙ্গাতেও ভাইরাস ধরা পরেছে বলে আমরা জানতে পেরেছি।

তাই আমাদের জেলাকে মুক্ত রাখতে মুজিবনগর থেকে চুয়াডাঙ্গা যাওয়ার বিভিন্ন সড়কে নিরাপত্তা চৌকি বসানো হয়েছে।

নিত্যপ্রয়োজীয় জিনিস ছাড়া অন্য কেউ এ রাস্তা দিয়ে চলাচল করতে পারবেনা বলে তিনি জানান।

পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত পুরো মুজিবনগর উপজেলা থেকে চুয়াডাঙ্গা যাওয়ান সকল সড়ক বন্ধ থাকবে । মুজিবনগর সীমানা থেকে বাইরে বা বাইরে থেকে মুজিবনগর সীমানায় যাতায়াত সংরক্ষিত থাকবে।

মেহেরপুর সেনাবাহিনীর অভিযান সহ জেলা প্রশাসনের সতর্কতা

মেহেরপুর শহরের লর্ড মার্কেট এলাকায় শনিবার সকাল থেকে দুপুর পযন্ত অভিযান চালানো হয়।মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মহিদুল ইসলাম, বগুড়া সেনানিবাস ৪০ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের ক্যাপ্টেন আরমান সহ সেনাবাহিনী ও পুলিশের সদস্যরা অভিযান অংশগ্রহণ করেন।

সরকারি নির্দেশ অমান্য করে অযথা বাইরে ঘোরাফেরা দায়ে ২ জনের

নিকট থেকে জরিমানা আদায় করা হয়েছে।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো মহিদুল ইসলামের নেতৃত্বে মেহেরপুর শহরের কোট এলাকায় সরকারী আইন অমান্য করে রাস্তায় ঘোরাফেরা করার দায়ে মোট ২টি মামলা দায়ের করা হয়। মেহেরপুর শহরের লর্ড মার্কেট এলাকায় বিনা কারণে বাড়ির বাইরে অবস্থান করায় ২ টি মামলা দায়ের করা হয়।এ সময় ওই ২ ব্যক্তির নিকট থেকে ২শ টাকা জরিমানা আদায় করা হয়।।

করোনা ভাইরাস সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসন ও সেনাবাহিনীর যৌথ প্রচার অভিযান চালিয়েছে ।শনিবার দুপুরের দিকে মেহেরপুর শহর রলর্ড মার্কেট এলাকায় এই অভিযান চালানো হয়। এ সময় সেনাবাহিনীর সদস্যরা রাস্তায় অযথা ঘোরাফেরা কারিদের বাইরে বের না হওয়ার জন্য আহ্বান জানান।

মুজিবনগরে বক্স সিস্টেম ব্যাবস্থাপনায় বসেছে ৬টি হাট

করোনার সংক্রমণ রোধে মুজিবনগরে সামাজিক দূরত্ব বজায় রাখার লক্ষ্যে বক্স সিস্টেম ব্যাবস্থাপনায় উপজেলার বিভিন্ন গ্রামে বসেছে ৬ টি হাট।
গতকাল শুক্রবার হাটের দিন মুজিবনগর উপজেলার ভবরপাড়া, বাগোয়ান, মহাজনপুর, শিবপুর, মোনাখালী ও পুরন্দরপুর গ্রামে নির্ধারিত দুরুত্ব বজায় রেখে বক্স সিস্টেম ব্যাবস্থাপনায় এ সকল হাট বসানো হয়।

সকল হাটগুলোতে মানুষের সমাগম রোধে যার দুরুত্ব করা হয়েছে একটি বক্সের থেকে আরেকটি ১০ ফুট প্রর্যন্ত। এবং একটি লাইন থেকে আরেকটি লাইনের দুরুত্ব প্রায় ১৫ ফুট।

প্রতিটি বক্সের ভিতরে একটি করে দোকান বসানো হয়েছে।

এছাড়া প্রত্যেক লাইনে একটি করে ত্যাগ লাগিয়ে রাখা হয়েছে। যা দেখে

খুব সহজেই সামাজিক দুরুত্ব বজায় রেখে ক্রেতার তাদের নিত্য প্রয়োজনীয় জিনিস ক্রয় করতে পারছে।

এছাড়া কয়েকটা বাজার ঘুরে দেখা গেছে সাধারণ ক্রেতার যাতে করে হাত ধুয়ে বাজার করে সে লক্ষে কিছু কিছু হাটে বসানো হয়েছে বেসিন। সাথে সাথে বাজারে আসা সকল ক্রেতাদের সামাজিক দুরুত্ব বজায় রেখে বাজার করতে ও বিভিন্ন ভাবে সচেতন করতে সব সময় সহযোগীতা করছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসারের নিজ উদ্যোগে তৈরিকৃত মুজিবনগর করোনা-১৯ স্বেচ্ছাসেবক সদস্য বৃন্দরা।

যতদিন প্রর্যন্ত করোনার সংক্রমণ না রোধ হবে ততদিন প্রযন্ত মুজিবনগর উপজেলার সব কয়টি হাট এরকম পদ্ধতিতে বসানো হবে বলে জানিয়েছে উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি।

এর আগে তিনি দারিয়াপুর খেলার মাঠ ও শিবপুর মাদ্রাসা প্রাঙ্গনে প্রথম বক্স সিস্টেমে হাট ব্যাবস্থাপনা চালু করেন।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি জানান, করোনা সংক্রমন রোধে সামাজিক দুরুত্ব বজায় রাখার লক্ষে দারিয়াপুর ও শিবপুর হাটে প্রথম বক্স সিস্টেমে হাট ব্যাবস্থাপনা চালু করা হয়। ধীরে ধীরে উপজেলার সকল হাট বক্স সিস্টেম ব্যাবস্থাপনায় বসানো হচ্ছে।
গতকাল শুক্রবারও উপজেলা ৬ টি গ্রামে বক্স সিস্টেম ব্যাবস্থাপনায় হাট বসে।

এছাড়া মুজিবনগর করোনা-১৯ স্বেচ্ছাসেবক সদস্যরা সেখানে সব সময় সাধারণ জনগণকে সহযোগীতা করছেন। এখন থেকে যতদিন প্রযন্ত করোনা সংক্রামন রোধ না হয় ততদিন প্রর্যন্ত মুজিবনগর উপজেলার সকল হাট এই ব্যবস্থাপনায় চলে আসবে।

ত্রাণের দাবি নিশ্চিন্তপুরের

কর্মহীন ৫০ পরিবারের

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের অন্তরভুক্ত একটি পাড়ার নাম নিশ্চিন্তপুর। করোনা ভাইরাসের কারনে গত ২৪ মার্চ থেকে মেহেরপুরকে অঘোষিত লক ডাউন করা হয়েছে। এর পর থেকে প্রায় সব ধরনের কাজকর্ম বন্ধ হয়ে গেছে।

এতে বিপাকে পড়েছে নিশ্চিন্তপুরের প্রায় ৫০টি পরিবার। কাজ না থাকায় কখনো অনাহারে আবার কখনো অর্ধাহারে দিন পার করছে। এখনো পর্যন্ত সরকারি বা বেসরকারি কোন ভাবেই কোন ত্রাণ সামগী পাইনি কেউ।

নিশ্চিন্তপুর গ্রামের লাল চাঁদ, শফিকুল, সাহারুল, নাইম, বজলু, হাসেমআলী সহ অনেকেই জানান, আমরা দিনমজুরের কাজ করে কোন রকম সংসার চালায়। কিন্তু করোনার ভয়ে বাইরে বেরুতে পারছিনা। আমাদের ঘরে গচ্ছিত কোন খাবার নেই। পরিবার নিয়ে মানবেতর দিন পার করছি। এভাবে চলতে থাকলে আমাদের না খেয়ে মরতে হবে।

৬ নং ইউপি সদস্য ঘেন্টু মিয়া জানান, আমাদের এ পর্যন্ত প্রায় ২৫ জনকে ত্রাণ দেওয়া হয়েছে। কিন্তু চাহিদা অনেক। সবাইকে দিতে পারছি না। তাছাড়া সরকারি ভাবে খুবএকটা বেশি ত্রাণ আসছেও না।

হাসপাতালে বেডে যন্ত্রণায় কাতরাচ্ছে নুপুর

হাসপাতালের বেডে মৃত্যু যন্ত্রনায় দিন পার করছে নুপুর। মাটি বোঝাই ট্রাকটরের নিচে পড়ে থেতলে গেছে তার শরীরের ডান পাশ। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে ফেরত এসে মেহেরপুর তাহের ক্লিনিকে কাতরাচ্ছে। সেই সাথে আহত মেয়ের চিকিৎসা করাতে গিয়ে হাফিয়ে উঠেছে তার পরিবার।

নুপুর শোলমারী গ্রামের পাঠানপাড়ার নজরুল ইসলামের মেয়ে। সে

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৮ম শ্রেনীর মেধাবি ছাত্রী। মোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান জানান, গত ২ এপ্রিল সন্ধায় মেহেরপুর সদর উপজেলার রুদ্রনগর গ্রাম থেকে শোলমারী তার নিজ গ্রামে ফেরার পথে মাটি বোঝাই ট্রাকটরের নিচে পড়ে রক্তাক্ত জমখ হয়। এসময় স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। সেখান থেকে কর্তব্যরত ডাক্তার তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।

কুষ্টিয়ায় প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালেরেফার্ড করা হয়। এক সপ্তাহ সেখানে চিকিৎসা দেওয়ার পর ডাক্তার তাকে অন্যত্র নিয়ে যেতে বলে। অসহায় পরিবার উপায় না পেয়ে মেহেরপুরে ফেরত নিয়ে আসে। বর্তমানে নুপুর মেহেরপুর তাহের ক্লিনিকের ২য় তলায় ১নং কেবিনে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে।

নুপুরের পিতা নজরুল ইসলাম জানান, নুপুরকে নিয়ে আমরা বিভিন্ন জায়গায় ছোটা ছুটি করেছি। ইতি মধ্যে প্রায় ২ লাখ টাকা খরচ হয়েছে। তার প্রতিদিন এক ব্যাগ (এবি পজিটিভ) রক্ত লাগছে যা কিনে দিতে হচ্ছে। এছাড়াও প্রতিদিন হাজার হাজার টাকার ওষুধ লাগছে। আমি গরিব মানুষ এতো আমার যা ছিল সব শেষ। আমি বুঝতে পারছিনা আমার মেয়েকে আমি কিভাবে বাঁচাবো।

নুপুরের চাচি পারভিনা খাতুন জানান, আজ প্রায় ৮দিন হতে চললো নুপুরের দুর্ঘটনা। পরিবারের সর্বোচ্চ বিলিন করে তার চিকিৎসা করানো হচ্ছে। ডা. তাহের বলেছে প্রায় ৫ লাখ টাকা খরচ হবে পরোপুরি ভালো হতে।

তাহের ক্লিনিকের সেবিকা সোনালী খাতুন জানান, তার ক্ষতস্থানে প্রতিদিন ড্রেসিং করা হচ্ছে। অন্যদিনের তুলনায় এখন ভালো আছে। ডা. তাহের জানান, রোগীর বর্তমান অবস্থা অনেক ভালো। তার জীবন নিয়ে আর কোন শঙ্কা নেই। আল্লাহর রহমতে সে ধিরে ধিরে সুস্থ হচ্ছে। কিন্তু তার বেশ কয়েকটা অপারেশন করতে হবে। এতে প্রায় ৩ লাখ টাকা খরচ হতে পারে। পুরোপুরি সেরে উঠতে বেশ সময় লাগবে।

শোলমারী গ্রামের ইউপি সদস্য আক্তারুল ইসলাম জানান, রুদ্রনগর গ্রামের বুলু নামের এক ট্রাকটর ড্রাইভারের গাড়িতে এই দুর্ঘটনা ঘটে। ঘটনার পর ড্রাইভার বুলু রোগীর খোজ খবর নিচ্ছে। আজকেও আমার কাছে এসেছিল সে বলেছে রোগীর জন্য যতটুকু সম্ভব আমি সাহায্য করবো।

বিএনপি নেতা জাকিরের ত্রাণ বিতরণ অব্যাহত

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ও পিচ এম্বাসেডর জাকির হোসেন এর উদ্যোগে ত্রাণ বিতরণ অব্যাহত রয়েছে। শুক্রবার মেহেরপুর শহরের প্রায় ৩০টি পরিবারের হাতে ব্যক্তিগত ভাবে ত্রাণ খাদ্য সামগ্রী পৌছে দেন।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও ৫ নং ওয়ার্ড যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম মনি এই ত্রাণ সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে পৌছে দেন।

অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ অব্যাহত থাকবে বলে জানান জাকির হোসেন।

মেহেরপুরের সকল প্রবেশপথে আজ থেকে নিরাপত্তা চৌকি

করোনা প্রতিরোধে আজ শুক্রবার থেকে মেহেরপুর জেলার সকল প্রবেশপথে নিরপত্তা চৌকি বসানো হচ্ছে বলে জানিয়েছেন জেলা প্রশাসক মো: আতাউল গনি।

আজ শুক্রবার দুপুরে তাঁর ফেসবুক টাইমলাইনে তিনি এ তথ্য দিয়েছেন। তিনি বলেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রীর নির্দেশে জেলার সকল প্রবেশপথে নিরাপত্তা চৌকি বসানো হচ্ছে।

বিস্তারিত আসছে..

গাংনীর পল্লীতে পূর্ব শত্রুতার জেরে হামলা বাড়িতে আগুন, নারীসহ আহত-৩

মেহেরপুরের উপজেলার পল্লী জালশুকা গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে হামলার ঘটনা ঘটেছে। এতে নারীসহ তিনজন আহত হয়েছে।

ঘটনাটি ঘটেছে গত মঙ্গলবার (০৭-০৪-২০২০ ইং) সন্ধ্যায় উপজেলার জালশুকা গ্রামের বালিপাড়া নামক স্থানে।

আহতরা হলো, মৃত গনজের হোসেন এর ছেলে মোঃ ইসরাইল হোসেন, মোঃ মিকাইল হোসেন ও ইসরাইল হোসেন এর স্ত্রী মোছাঃ রোজিয়া খাতুন।

এ ঘটনায় আহত মোঃ ইসরাইল হোসেন বাদী হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগ সুত্রে প্রকাশ, পূর্ব শত্রুতার জের ধরে ঘটনার দিন সন্ধ্যার দিকে আহতদের হামলাকারিরা গালিগালাজ করলে কথা কাটাকাটি শুরু হয়। কথাকাটাকাটির এক পর্যায়ে হামলাকারি মিনারুল ইসলামের ছেলে ইমরান হোসেন (২২), মোঃ হায়াত আলির ছেলে মোঃ জিনা আলি (৪৫), মোঃ মালেকের ছেলে জসিম উদ্দিন (২৫), শহিদুল ইসলামের ছেলে মোঃ সোহেল রানা (২৯), মুনছুর আলির ছেলে, মোঃ মুকুল হোসেন
(৫৫) ও তরিকুল ইসলাম (২৮) সকলে মিলে রামদা, বাশের লাঠি ও লোহার রড সহ দেশীয় অস্ত্র দিয়ে অভিযোগকারি মোঃ ইসরাইল হোসেন তার ভাই মোঃ মিকাইল হোসেন ও স্ত্রী মোছাঃ রোজিয়া খাতুনের উপর হামলা করে। এতে তারা মারাত্মক আহত হয়। পরে স্থানীয় ও প্রতিবেশীরা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। সেখানে তাদের ভর্তি করা হয়।

এদিকে এ হামলার ঘটনার পর একই দিনে গভীর রাতে বাড়িতে রাখা পাটকাঠির গাদায় আগুন লাগিয়ে দেয়। এতে প্রায় তাদের ১০ হাজার টাকা ক্ষতি হয়েছে বলে অভিযোগ সুত্রে প্রকাশ।

আহতদের পরিবার সুত্রে জানা যায়, আহত ইসরাইলের অবস্থা অবনতি হওয়ায় তাকে আজ শুক্রবার কুষ্টিয়া সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, হামলার ঘটনায় অভিযোগ পেয়েছি। তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

মেহেরপুরে পিটিয়ে প্রেমিক হত্যা মামলায় আটক ১

মেহেরপুরে প্রেমিক তপনকে পিটিয়ে হত্যা মামলায় আনারুল ইসলাম নামের একজনকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

৭ মার্চ বুড়িপোতা গ্রাম থেকে এস আই আমিরুল ইসলামের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে তাকে আটক করা হয়।

পরে আদালতের মাধ্যমে আনারুলকে জেল হাজতে প্রেরণ করা হয়।

আটক আনারুল ইসলাম বুড়িপোতা গ্রামের মাঠপাড়ার আবুল হোসেনের ছেলে৷

এই মামলায় এ পর্যন্ত মোট ২ জনকে আটক করেছে পুলিশ। ঘটনার দিন প্রেমিকা রোমানা কে আটক করে জেল হাজতে প্রেরণ করে পুলিশ।

উল্লেখ্য, গত ২৯ ফেব্রুয়ারি মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামে প্রেম ঘটিত কারনে তপনকে পিটিয়ে জখম করা হয়। পরদিন সকালে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী নেওয়ার পথে তার মৃত্যু হয়।

এ ঘটনায় তপনের মা বাদি হয়ে ১০ জনকে আসামী করে মেহেরপুর সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

মেপ্র/এমএফআর